

বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকাণ্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন - আগস্ট ২০২৫

১। সর্বমোট অর্জন। আগস্ট ২০২৫ মাসে ৩,৪০১টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ১,৬৫০ কোটি ৮৯ লক্ষ ৬৮ হাজার ৬৮২ মূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। চোরাচালান বিরোধী অভিযান। আগস্ট ২০২৫ মাসে চোরাচালান বিরোধী অভিযানে মোট ১০,৬৪,১০,২২২ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজি আউটপোস্ট পতেঙ্গা) কর্তৃক আটককৃত অবৈধ
সিমেন্ট



পূর্ব জোন (বিসিজি স্টেশন কুড়ুবদিয়া) কর্তৃক আটককৃত অবৈধ মালামাল



ঢাকা জোন (বিসিজি স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত
অবৈধ মালামাল



পূর্ব জোন (বিসিজি আউটপোস্ট পতেঙ্গা) কর্তৃক আটককৃত অবৈধ
মালামাল

সীমিত

৩। **অস্ত্র উদ্ধার অভিযান।** আগস্ট ২০২৫ মাসে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযানে ২৬টি আগ্নেয়াস্ত্র, ৩২ রাউন্ড তাজা গোলা, ১২টি খোসা গোলা, ০১টি অস্ত্র তৈরীর সরঞ্জামাদী, ০১টি ম্যাগাজিন, ২৯টি বোমা, ১৫টি দেশীয় ধারালো অস্ত্র এবং ০৮ জন ডাকাতকে আটক করা হয়। আটককৃত ডাকাত ও অন্যান্য অস্ত্রাদি আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজি স্টেশন মহেশখালী) কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র



পশ্চিম জোন (বিসিজি বেইস মোংলা) কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** আগস্ট ২০২৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ৬৩,১৯৬ পিস ইয়াবা, ০২ বোতল/ক্যান বিভিন্ন প্রকার মদ, ০১ কেজি ক্রিস্টাল মেথ আইস, ০২ কেজি ৯০ গ্রাম গাঁজা এবং ০৬ জন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদকদ্রব্য ও মাদক ব্যবসায়ীদেরকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজি স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



পূর্ব জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



পশ্চিম জোন (বিসিজি বেইস মোংলা) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



পশ্চিম জোন (বিসিজি স্টেশন রূপসা) কর্তৃক আটককৃত অবৈধ বিদেশী মদ

সীমিত

৫। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। আগস্ট ২০২৫ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মোট ১,৬৩২,০৫,৭০,০০০ টাকা অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ৩৭,৫১,৭১,০০০ মিটার কারেন্ট জাল, ১২,২৬১ পিস বেহন্দি জাল, ২,২৮,৪৮,৮৩০ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ৭,৯০০ কেজি জেলি পুশকৃত চিংড়ি, ২,৮৮,৬৬,০০০ পিস চিংড়ি পোনা, ২০,২৭৫ কেজি অন্যান্য মাছ এবং ৩৫টি বোট জব্দ করা হয়। জব্দকৃত বোট ও অন্যান্য পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (বিসিজি স্টেশন কোকিলমনি) কর্তৃক আটককৃত অবৈধ জাল



পূর্ব জোন (বিসিজি স্টেশন ইনানী) কর্তৃক আটককৃত অবৈধ সামুদ্রিক মাছ



দক্ষিণ জোন (বিসিজি আউটপোস্ট মনপুরা) কর্তৃক আটককৃত অবৈধ জাল



ঢাকা জোন (বিসিজি স্টেশন পদ্মা) কর্তৃক আটককৃত অবৈধ জাল

সীমিত

৬। **বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান।** আগস্ট ২০২৫ মাসে বনজ ও পরিবেশ রক্ষা অভিযানে ১০০ বর্গফুট কাঠ, ২৪ কেজি হরিণের মাংস, ০১টি হরিণের মাথা, হরিণের পা ০৪টি, ০১টি হরিণ ধরার ফাঁদ, ০১ বোতল বিষ, ১,১০০ কেজি পলিথিন এবং ০১ জন আসামিকে আটক করা হয়। আটককৃত মালামাল ও আসামী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (বিসিজি স্টেশন হারবাড়িয়া) কর্তৃক আটককৃত হরিণের মাংস



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন পটুয়াখালী) কর্তৃক আটককৃত অবৈধ পলিথিন

৭। **উদ্ধার অভিযান।** আগস্ট ২০২৫ মাসে উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ১৩ জন যাত্রী/জেলে জীবিত, ০৫টি মৃতদেহ এবং ০১টি বোট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত যাত্রী/জেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (বিসিজি স্টেশন রুপসা) কর্তৃক উদ্ধারকৃত মৃতদেহ